# ২০২১

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা — সাধারণ

**পত্র : SEC-B-2**

**(ব্যাবহারিক বাংলা-২)**

**পূর্ণমান - ৮০**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। 'বিশ্বমারিতে মধ্যবিত্তের সংকট'— এই বিষয় অবলম্বন করে একটি গল্প রচনা করো (৩০০ শব্দের মধ্যে)। ১০

*অথবা,*

'অনলাইন শিক্ষা' বিষয়ক ৩০০ শব্দের একটি প্রবন্ধ রচনা করো। ১০

২। বানান সংস্কারের প্রয়োজন হয় কেন? বিষয়টি বাংলা ভাষার প্রেক্ষাপটে উদাহরণসহ আলোচনা করো। ১০

*অথবা,*

পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বানানবিধি-র 'লিপি-বিষয়ে' অন্তত তিনটি সিদ্ধান্ত নিয়ে আলোচনা করো। ১০

৩। নীচের অংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (আইপিএ) লিপ্যন্তর করো। ১০

গুপি যদিও একটা বই গান জানত না, কিন্তু সেই একটা গান সে খুব করেই গাইত। সেটা না গেয়ে সে তিলেকও থাকতে পারত না, তার দম আটকে আসত। যখন সে ঘরে বসে গাইত, তখন তার বাবার দোকানের খদ্দের সব ছুটে পালাত। যখন সে মাঠে গিয়ে গান গাইত, তখন মাঠের যত গোরু সব দড়ি ছিঁড়ে ভাগত। শেষে আর তার ভয়ে তার বাবার দোকানে খদ্দেরই আসে না, রাখালেরাও মাঠে গোরু নিয়ে যেতে পারে না। তখন একদিন কানু কাইন তাকে এই বড় বাঁশ নিয়ে তাড়া করতে সে ছুটে মাঠে চ'লে গেল। সেখানে রাখালের দল লাঠি নিয়ে আসতে বনের ভিতর গিয়ে খুব ক'রে গলা ভাঁজতে লাগল।

*অথবা,*

নীচের অংশটির রোমীয় বর্ণান্তর করো। ১০

গুপিদের গ্রামের কাছেই আরেকটা গ্রামে একজন লোক থাকত, তার নাম ছিল পাঁচু পাইন। পাঁচুর ছেলেটির বড্ড ঢোলক বাজাবার শখ ছিল। বাজাতে বাজাতে সে বিষম ঢুলতে থাকত, আর পা নাড়ত আর চোখ পাকাত, আর দাঁত খিঁচোত, আর ভ্রুকুটি করত। তার গ্রামের লোকেরা তা দেখে হাঁ করে থাকত আর বলত, 'আহা! আ-আ-আ!! অ-অ-অ-হ-হ-হ!!!' শেষে যখন 'হাঃ, হাঃ, হা-হা!!' বলে বাঘের মত খেঁকিয়ে উঠত, তখন সকলে পালাবার ফাঁক না পেয়ে চিৎপাত হয়ে পড়ে যেত। তাই থেকে সকলে তাকে বলত 'বাঘা বাইন।' তার এই বাঘা নামই রটে গিয়েছিল। আসল নাম যে তার কি, তা কেউ জানত না।

৪। ***যে-কোনো ছয়টি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) গল্পের নামকরণ করার সময় কোন কোন বিষয় মনে রাখতে হয় আলোচনা করো।

(খ) প্রবন্ধ-র উপসংহার কীভাবে লিখতে হয় আলোচনা করো।

(গ) '**কী**' আর '**কি**' কখন ব্যবহার করা হয় উদাহরণসহ লেখো।

(ঘ) ':' আর 'ঃ'-এর মধ্যে তফাত কী লেখো।

(ঙ) আইপিএ লিপ্যন্তরের সময় **শ, ষ** ও **স** তিনটি ক্ষেত্রেই 'ʃ' লেখা হয় কেন?

(চ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি '**স্বচ্ছ যুক্তব্যঞ্জন**'-এর লেখ্যরূপ সম্বন্ধে কী সুপারিশ করেছে?

(ছ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি-র মতে বিদেশি শব্দে '**হ্রস্ব স্বর**', '**ণ/ন**' ও '**শ/স**' বিষয়ে কী কী প্রস্তাব করা হয়েছে?

(জ) '**যতিচিহ্ন বিষয়ে**' পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি-র পরামর্শ কী? — লেখো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) '**আকাঙ্ক্ষা**' শব্দের ধ্বনিবিশ্লেষণ করো।

(খ) '**ষ্ঠ**' ও '**ন্ঠ**'-এর তফাত কী?

(গ) '**অ**' আইপিএ-তে কীভাবে লেখা হয়?

(ঘ) ট্রাজেডি গল্পকে বাংলায় কী বলা হয়?

(ঙ) **আইপিএ**-র (ইংরেজিতে) পুরো নাম কী?

(চ) '**বিদ্যাসাগর**' শব্দটি আইপিএ-তে লেখো।

(ছ) 'ঁ' আইপিএ-তে কীভাবে লেখা হয়?

(জ) রোমীয় বর্ণান্তরে '**Ś**' কীসের প্রতিবর্ণ?

(ঝ) 'ী / **ঈ**' আইপিএ-তে কীভাবে লেখা হয়?

(ঞ) রবীন্দ্রনাথ ঠাকুরের একটি বিখ্যাত ছোটোগল্পের নাম লেখো।

(ট) '**প্রবন্ধ**' শব্দটির অর্থ কী?

(ঠ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(ড) '**ঙ্গ**' না '**ঙ্গ**', কোন রূপটিকে পশ্চিমবঙ্গ বাংলা আকদেমি সুপারিশ করে?

(ঢ) রোমীয় বর্ণান্তরে '~' দিয়ে কী বোঝায়?

(ণ) '**ছ্**' আইপিএ-তে কীভাবে লেখা হয়?

(ত) '**মন্ত্রী**' না '**মন্ত্রি**' কোন বানানটি ঠিক?

(থ) '**কার্ত্তিক**' না '**কার্তিক**' কোন বানানটি গ্রহণ করা হয়েছে?

(দ) '**বঙ্গ**' না '**বংগ**' কোন বানানটি গ্রহণীয়?

(ধ) '**চলন্তিকা**' অভিধানের সংকলক কে?

(ন) একটি বাংলা বানান সংস্কারক প্রতিষ্ঠানের নাম লেখো।